

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৩৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১. তৃতীয় অনুচ্ছেদ - তিলাওয়াতের সিজদা

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: إِنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَجَدَ فِي (ص) وَقَالَ: سَجَدَهَا دَاوُدُ تَوْبَةً وَنَسْجُدُهَا شُكْرًا. رَوَاهُ النَّسَائِيُّ

বাংলা

১০৩৮-[১৬] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূরাহ্ সাদ-এ সিজদা (সিজদা/সেজদা) করেছেন এবং বলেছেন, দাউদ (আঃ) সূরায়ে সাদ-এর এ সিজদা (সিজদা/সেজদা) দু'আ কবূলের জন্যে করেছেন। আর আমরা তার তওবা্ কবূলের কৃতজ্ঞতা স্বীকারস্বরূপ সিজদা (সিজদা/সেজদা) করছি। (নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ৯৫৭, আহমাদ ২৫২১, মু'জাম আল কাবীর ১১০৯৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'সাদ-এ সিজদা্ করেছেন' অর্থাৎ সূরাহ্ সাদ-এ সাজদার আয়াত পাঠ করে সিজদা্ করেছেন। 'আমরা শুকরিয়া আদায় করণার্থে সিজদা্ করব। অর্থাৎ আল্লাহ তা'আলা দাউদ (আঃ)-এর তাওবাহ কবূল করেছেন তাই আমরা আল্লাহর প্রতি কৃতজ্ঞতা প্রকাশার্থে সিজদা্ (সিজদা/সেজদা) করব। কৃতজ্ঞতা প্রকাশার্থে সিজদা্ করা এটা আবশ্যক করে না যে তা তিলাওয়াতের সিজদা্ নয়। কেননা তিলাওয়াতের সিজদা্ এর সম্পর্কে সাজদার আয়াত পাঠ করার সাথে অথবা তা শ্রবণ করার সাথে। মোট কথা হল এ হাদীসে সিজদা্ করার কারণ বর্ণনা করা হয়েছে। আর তা হল দাউদ (আঃ)-এর সিজদা্ তাওবার উদ্দেশে আর আমাদের সিজদা্ অত্র সূরাতে আল্লাহর প্রতি কৃতজ্ঞতা প্রকাশার্থে। আমাদের পক্ষ থেকে কৃতজ্ঞতা প্রকাশার্থে সিজদা্ করাটা তা তিলাওয়তের সিজদা্ এর বিপরীত নয়।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন